অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো যৌন নির্যাতনের অপরাধে কারারুদ্ধ বন্দীদের জন্য সহায়তার কর্মসূচি সম্প্রসারণের কথা ঘোষণা করেছেন

সংকটের পরামর্শ, সহায়তা এবং প্রতিরক্ষা প্রদান করতে স্টেটের গার্হস্থ্য এবং যৌন নির্যাতনের হটলাইন এখন স্টেটের সমস্ত কারাগারে উপলব্ধ

কারারুদ্ধ ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক স্টেট এখন দেশের মধ্যে সর্বোৎকৃষ্ট সর্বাঙ্গীন পরিষেবা প্রদান করে

স্টেট অফিস অফ ভিকটিম সার্ভিসেস (Office of Victim Services, OVS) এর 2.5 মিলিয়ন ডলার অর্থায়নের দ্বারা হটলাইন বানানো সম্ভব হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেটের গার্হস্থ্য এবং যৌন নির্যাতনের হটলাইন এখন সমগ্র স্টেটের কারাব্যবস্থায় কারারুদ্ধ ব্যক্তিবর্গের জন্য উপলব্ধ, যা যৌন নির্যাতন বা নিগ্রহে অভিযুক্ত ব্যক্তিদের সংকটকালীন পরামর্শ, সেইসাথে সহায়তা, অতিরিক্ত পরামর্শ এবং প্রতিরক্ষা প্রদান করবে। এই বাস্তবায়নের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেটে দেশের মধ্যে যৌন নির্যাতনে পরিত্রান পাওয়া ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের জন্য সর্বাধিক সর্বাঙ্গীন সহায়তা কর্মসূচি উপলব্ধ হবে। স্টেট সংশোধনাগার দপ্তর এবং সম্প্রদায়ের তত্ত্বাবধান (Department of Corrections and Community Supervision, DOCCS) এর দ্বারা পরিচালিত 54টি কেন্দ্রের সবকটিতে প্রত্যেক দিন ইংরেজি, স্পেনীয় এবং অন্যান্য ভাষায় 777 সরাসরি ফোন করার নম্বরটি উপলব্ধ।

"কারারুদ্ধ যে সকল ব্যক্তি যৌন নির্যাতন বা নিগ্রহের শিকার হয়েছেন তাদেরও অন্যান্য নিউ ইয়র্কবাসীদের মত একই ধরণের ক্ষতিগ্রস্ত ব্যক্তির সহায়তা পরিষেবা পাওয়া উচিৎ", **গভর্নর কুওমো বলেন,** "সমগ্র স্টেটের সংশোধনাগারগুলিতে এই গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করার দ্বারা, আমরা সুনিশ্চিত করতে পারব যে সমস্ত কারারুদ্ধ ব্যক্তিবর্গ যারা এই ধরণের নির্যাতনের শিকার তাদের প্রয়োজনীয় পরামর্শে প্রবেশাধিকার আছে।"

"আমাদের এই সংস্কৃতি পরিবর্তনে, নারীর জন্য নিরাপদ পরিবেশ তৈরি করতে লড়াই চালিয়ে যেতে হবে, যাতে তারা বিশ্বাস করে এবং এগিয়ে আসে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট কারাব্যবস্থা দেশের মধ্যে সপ্তম যারা একটি স্টেটব্যাপী ধর্ষণ সংকট হটলাইনের সুবিধা প্রদান করে, এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ যাতে তাদের পূর্বাবস্থায় ফিরে আসার প্রয়োজনীয় সহায়তা এবং পরিষেবাগুলি পান তা নিশ্চিত করতে কমিউনিটি-ভিত্তিক ধর্ষণ সংকট এবং যৌন নির্যাতন কর্মসূচির একমাত্র অংশীদার। এই সম্প্রসারণের মাধ্যমে, আমরা নিউ ইয়র্কে, ক্ষতিগ্রস্তদের নিরাপত্তা এবং সকল নারীর জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি।"

এই যুক্তরাষ্ট্রীয় কারাগারে ধর্ষণ দূরীকরণ আইন (Prison Rape Elimination Act, PREA) অনুযায়ী, যৌন অপরাধের শিকার কারারুদ্ধদের জন্য স্টেটগুলিকে নির্দীষ্ট পরিষেবা প্রদান করতে হয়। নিউ ইয়র্ক স্টেট কারাব্যবস্থা দেশের মধ্যে সপ্তম যারা একটি স্টেটব্যাপী ধর্ষণ সংকট হটলাইনের সুবিধা প্রদান করে, এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গ যাতে তাদের পূর্বাবস্থায় ফিরে আসার প্রয়োজনীয় সহায়তা এবং পরিষেবাগুলি পান তা নিশ্চিত করতে কমিউনিটি-ভিত্তিক ধর্ষণ সংকট এবং যৌন নির্যাতন কর্মসূচির একমাত্র অংশীদার। এই সম্প্রসারণ হল স্টেট অফিস অফ ভিকটিম সার্ভিসেস (OVS) দ্বারা পরিচালিত 2.5 মিলিয়ন ডলারেরও বেশি যুক্তরাষ্ট্রীয় এবং স্টেট অর্থায়নের ফলাফল।

সরাসরি ফোন করার নম্বর 777 এ ফোন করলে, সেটি বাফেলোর সংকট পরিষেবাতে (Crisis Services) পাঠানো হবে, যেটি 2010 সাল থেকে স্টেটের গার্হ্যস্থ এবং যৌন সহিংসতার হটলাইন (Domestic and Sexual Violence Hotline) পরিচালনা করছে। স্টেটের একটি কারাগার থেকে ফোন পাওয়ার পর, সংকট পরিষেবার কর্মী সংকটের পরামর্শ দেন এবং PREA কেন্দ্রগুলিতে অতিরিক্ত পরিষেবাগুলির জন্য রেফার করেন। এই কেন্দ্রগুলি সমগ্র স্টেটের ছয়টি সাম্প্রতিক ধর্ষণ সংকট এবং ক্ষতিগ্রস্তদের সহায়তা কর্মসূচির একটি নেটওয়ার্ক যাদের কারারুদ্ধ ব্যক্তিবর্গকে সহায়তা করার জন্য বিশেষভাবে প্রশিক্ষিত কর্মী আছে। সমস্ত কথোপকথন গোপনীয় রাখা হয়।

যুক্তরাষ্ট্রীয় অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত আইন (Victims of Crime Act, VOCA) এর মাধ্যমে অর্থের যোগান পাওয়ার পরে অফিস অফ ভিকটিম সার্ভিসেস এটিকে সহায়তা করতে সক্ষম হয়েছে, যে অর্থটি যুক্তরাষ্ট্রীয় আদালতে কারারুদ্ধ অপরাধীদের দ্বারা প্রদত্ত জরিমানা, ফী এবং সারচার্জ থেকে দেওয়া হয়েছে, করদাতাদের অর্থ থেকে নয়। বিশেষ করে, OVS কে দেওয়া হয়েছে:

- নিউ ইয়র্ক স্টেট যৌন নিগ্রহ বিরোধী জোট (New York State Coalition Against Sexual Assault)কে 2.1 মিলিয়ন ডলার, যা টেলিফোনে পরামর্শ, প্রতিরক্ষা এবং অন্যান্য পরিষেবা, এবং কিছু জায়গায়, ছয়টি PREA কেন্দ্রের কর্মীদের সহায়তার মাধ্যমে বাড়ি গিয়ে দেখা করার পরিষেবা প্রদান করতে যৌন নিগ্রহ ও ক্ষতিগ্রস্তদের সহায়তা কর্মসূচিতে অর্থের যোগান দেয়।
- স্টেটের গার্হ্যস্থ সহিংসতা প্রতিরোধ কার্যালয় (Office for the Prevention of Domestic Violence, OPDV) কে 440,000 ডলার, যার স্টেটের গার্হ্যস্থ এবং যৌন সহিংসতা হটলাইন পরিচালনা করতে সংকট পরিষেবাগুলির সাথে চুক্তি আছে। অতিরিক্ত অর্থের যোগান হটলাইনটিকে কিশোর অপরাধী কেন্দ্র এবং মাদক চিকিৎসার ক্যাম্পাস সহ সমস্ত DOCCS কেন্দ্রগুলি থেকে 777 কলগুলি গ্রহণ করতে সক্ষম করে।

OVS ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেছেন, "যে কোনো পরিস্থিতিতেই, যৌন নির্যাতনের ক্ষতিগ্রস্তদের পরামর্শ, প্রতিরক্ষা, এবং মানসিক সহায়তা পরিষেবায় প্রবেশাধিকার থাকা উচিৎ। এই অংশীদারীত্বের মাধ্যমে আমরা সুনিশ্চিত করতে পারব যে এই ধরণের অপরাধের জন্য এই সকল ব্যক্তিবর্গের যে শারীরিক ও মানসিক ক্ষতি হয়েছে তা নিরাময় করতে তাদের প্রয়োজনীয় সংস্থান আমাদের আছে। গত দুই বছর ধরে, এই সংস্থা নতুন অংশীদারীত্ব গড়ে তুলেছে এবং পরিষেবাগুলিতে প্রবেশাধিকার উন্নত করতে স্টেট জুড়ে কর্মসূচিগুলিতে অর্থের যোগান বৃদ্ধি করেছে। আমরা অপরাধের -সকল ক্ষতিগ্রস্তদের কাছে পৌঁছাতে- এবং সহায়তা করতে অঙ্গীকারবদ্ধ।"

ভারপ্রাপ্ত DOCCS কমিশনার অ্যান্থনি জে. আন্নুকসি বলেছেন, "PREA অনুযায়ী সংশোধনমূলক চর্চা উন্নত করার জাতীয় প্রচেষ্টায় DOCCS একটি অগ্রগণ্য সংস্থা। DOCCS স্বীকার করে যে PREA মানদন্ডে উল্লিখিত সকল বিষয়ে, কারাগারে ধর্ষণ এবং যৌন নির্যাতনের ক্ষেত্রে প্রতিরোধ, সনাক্তকরণ এবং প্রতিক্রিয়া সহ দৃঢ় নীতি ও চর্চা থাকলে, তা তার 54টি কেন্দ্রে যে কোনো ধরণের যৌন সহিংসতার জন্য শূণ্য সহিষ্ণুতার সংস্কৃতিতে অবদান রাখবে।"

OPDV এক্সিকিউটিভ ডিরেক্টর গয়েন রাইট বলেছেন, "PREA-র অংশ হিসাবে, সমগ্র স্টেটের গার্হ্যস্থ এবং যৌন সহিংসতার হটলাইন এমন পরামর্শদাতা দ্বারা সমৃদ্ধ যারা পরামর্শ, তথ্য এবং রেফারেল পরিষেবা সহ প্রয়োজনীয় বিভিন্ন ধরণের পরিষেবার উত্তর দিতে প্রশিক্ষিত। কারারুদ্ধ ব্যক্তিবর্গ যারা যৌন সহিংসতার শিকার তাদের জন্য, এই ধরণের সংস্থানগুলিতে গোপনে প্রবেশাধিকার – তারা স্টেটের যেখানেই থাকুক না কেন – ক্ষতিগ্রস্তদের কল্যাণ সাধনে একটি উল্লেখযোগ্য পার্থক্য গড়ে তুলতে পারবে এবং তাদের জীবনের চলার পথে এগিয়ে যেতে সহায়তা করবে এবং পথ দেখাবে।"

8ই জানুয়ারি, 2019 এ সরাসরি হওয়ার আগে, আজ পর্যন্ত, গার্হ্যস্থ এবং যৌন সহিংসতা হটলাইন DOCCS কেন্দ্রগুলির মধ্যে কলারদের থেকে 650 এর বেশি কল সামলেছে। 2014 সালের মার্চ মাসে, 27টি সংশোধনাগারে বন্দীদের পরিষেবা প্রদান করে পাঁচটি ক্ষতিগ্রস্ত সহায়তা কর্মসূচি দিয়ে DOCCS প্রথম উন্নত ক্ষতিগ্রস্ত পরিষেবা আরম্ভ করেছিল। সেই উদ্যোগের জন্য যুক্তরাষ্ট্রীয় অর্থায়ন, যা যৌন নিগ্রহের বিরুদ্ধে DOCCS এবং নিউ ইয়র্ক স্টেট জোটের কাছে এসেছিল, তা মোট প্রায় 1.2 মিলিয়ন ডলার এবং সেটি স্টেটের ফৌজদারি বিচার বিভাগীয় পরিষেবা (Division of Criminal Justice Services) দ্বারা পরিচালিত হয়েছিল।

সম্প্রতি, ছয়টি PREA কেন্দ্র 40টি DOCCS কেন্দ্রকে পরিষেবা প্রদান করে, বাকি 14টি DOCCS কেন্দ্র প্রাথমিকভাবে স্থানীয় ক্ষতিগ্রস্ত সহায়তা কর্মসূচি এবং ছয়টি PREA কেন্দ্র থেকে যেমন প্রয়োজন সেই অনুযায়ী পরিষেবা পায়। ছয়টি PREA কেন্দ্র হল: ক্রাইসিস সার্ভিসেস, Inc. (Crisis Services, Inc.) (এরি কাউন্টি), ক্রাইম ভিকটিম ট্রিটমেন্ট সেন্টার (Crime Victims Treatment Center) (ম্যানহাটন), রেস্টোর সেক্সুয়াল অ্যাসাল্ট সার্ভিসেস (RESTORE Sexual Assault Services) (মনরো কাউন্টি), সেফ হারবার অফ ফিঙ্গার লেকস (Safe Harbors of the Finger Lakes) (অন্টারিও, সেনিসা, ইয়েটস কাউন্টিস), সামারিটান হসপিটালে সেক্সুয়াল অ্যাসাল্ট এবং ক্রাইম ভিকটিম অ্যাসিসটেন্স প্রোগ্রাম (Sexual Assault and Crime Victims Assistance Program) (রেনসিলেয়র কাউন্টি), এবং ভিকটিম অ্যা সিসটেন্স সার্ভিসেস/ WestCOP, Inc. (Victim Assistance Services/WestCOP, Inc.)(ওয়েস্টচেস্টার কাউন্টি)। সমগ্র স্টেটে ফলো-আপ পরিষেবার জন্য সম্পূর্ণ কভারেজ না হওয়া পর্যন্ত প্রতি বছর অতিরিক্ত একটি বা দুটি কেন্দ্র যোগ করা হবে বলে আশা করা হচ্ছে।

উপরন্তু, যুক্তরাষ্ট্রীয় PREA মানদণ্ডগুলি পূরণ এবং আরও ভালো পরিষেবা দেওয়ার লক্ষ্যে DOCCS এক গুচ্ছ দৃঢ় অভ্যন্তরীণ নীতি ও পদ্ধতি আরোপ করেছে, যার মধ্যে আছে কিন্তু শুধু তাতেই সীমিত নয়:

- সকল কর্মী এবং কারারুদ্ধ ব্যক্তিবর্গ PREA এবং DOCCS নীতি অনুযায়ী তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে ব্যাপক শিক্ষা লাভ করবেন।

- একটি রিপোর্ট করা হলে, DOCCS মেডিকেল কর্মী চিকিৎসা প্রদান করবেন এবং মূল্যায়নের জন্য ক্ষেত্র বিশেষে একজন হসপিটাল-ভিত্তিক যৌন নিগ্রহ ফরেন্সিক পরীক্ষকের ব্যবস্থা করবেন যাতে কারারুদ্ধ ব্যক্তি কমিউনিটি থাকা অন্য সাধারণ ব্যক্তিবর্গের মতই পরিচর্যা পান।
- যে ব্যক্তি যৌন নির্যাতনের বলি হয়েছেন তিনি আঘাতটি বুঝতে পেরে তা থেকে মুক্তি পাওয়ার জন্য আরও ভালভাবে প্রস্তুত হবেন, যা তাদের কমিউনিটিতে সফল পুনঃপ্রবেশের সুযোগ বৃদ্ধি করবে, এই বিষয়ে সহায়তা করতে ক্ষতিগ্রস্তকে সহায়তা এবং প্রতিরক্ষা পরিষেবাগুলিতে প্রবেশাধিকারকে স্বীকৃতি দিয়ে DOCCS আঘাত শনাক্তকরণ/দক্ষতা গঠন কর্মসূচি প্রসারিত করছে।

জেসিকা পিরো, বাফেলো এবং এরি কাউন্টির সংকটকালীন পরিষেবাসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেছেন, "এই স্টেট জুড়ে সুনির্দীষ্ট হটলাইন আরম্ভ করা এবং স্থানীয় ধর্ষণ সংকট পরিষেবাগুলিতে প্রবেশাধিকার প্রশাসন এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাগুলির মধ্যে বছরের পর বছরের জোট এবং একটি দারুণ অংশীদারীত্বের ফলাফল। কারারুদ্ধ পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গকে গুরুত্বপূর্ণ পরিষেবা দেওয়ার এই প্রচেষ্টায় কাজ করার অংশ হতে পেরে আমরা উদ্দীপ্ত এবং হটলাইন সরবরাহকারী হিসাবে পরিষেবা দিতে পেরে আমরা সম্মানিত।"

জোয়ানে যান্নোনি, নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইন্সট সেক্সুয়াল অ্যাসল্ট এর এক্সিকিউটিভ ডিরেক্টর, বলেছেন, "স্টেট জুড়ে যারা হটলাইনটিকে বাস্তব করে তুলেছেন আমরা তাদের প্রচেষ্টায় এবং এত মানুষের অঙ্গীকারে উৎসাহিত হয়েছি। কারারুদ্ধ সমস্ত যৌন নির্যাতনের ক্ষতিগ্রস্তদের জন্য পরিষেবাগুলিতে প্রবেশাধিকার নিশ্চিত করতে হটলাইনটি আমাদের প্রচেষ্টায় আরও একটি পদক্ষেপ।"

ভিকটিম অ্যাসিসটেন্স সার্ভিসেস/ WestCOP ডিরেক্টর কারেল আর. অমরনাথ, MPH, MA বলেছেন, "ক্ষতিগ্রস্ত সহায়তা পরিষেবা (Victims Assistance Services) গত 20 বছর ধরে কারারুদ্ধ ব্যক্তিবর্গকে ভিকটিম ইম্প্যাক্ট গ্রুপগুলির মাধ্যমে, এবং গত পাঁচ বছর ধরে পাঁচটি নিউ ইয়র্ক স্টেট কারাগারের জন্য PREA হেল্পলাইন সরবরাহকারী হিসাবে পরিষেবা প্রদান করছে। সম্প্রতি আমরা নিউ ইয়র্ক স্টেট অফিস অফ ভিকটিম সার্ভিসেস (NYS Office of Victims Services), একটি সম্পূর্ণ-সময়ের কারাগারের আঘাতের উপর লক্ষ্য রাখা থেরাপিস্ট এবং যৌন নিগৃহীত কারারুদ্ধ ব্যক্তিবর্গের সেবায় PREA সমর্থক হিসাবে কাজ করছি। যৌন নির্যাতনের সমস্ত ক্ষতিগ্রস্তদের আরোগ্য এবং কল্যাণ সাধনের পথে সংশোধনের মধ্যে মানসিক সমর্থন এবং প্রতিরক্ষা সম্প্রসারণ অব্যাহত রাখায় DOCCS এবং OVS এর সাথে অংশীদারীত্বে আমরা গর্বিত।"

লিন্ডসে ক্রুসান-মিউস, সেন্ট পিটার'স হেলথ পার্টনারে (St. Peter's Health Partners) সেক্সুয়াল অ্যাসাল্ট এবং ক্রাইম ভিকটিম অ্যাসিসটেন্স প্রোগ্রামের ডিরেক্টর, বলেছেন, "যৌন নিগ্রহের প্রতিটি পরিত্রান পাওয়া ব্যক্তি, তারা যেই হন বা যেখানেই থাকুন না কেন, তাদের আরোগ্য লাভ করতে সহায়তা করার জন্য পরিষেবা এবং সমর্থন প্রাপ্য। এই প্রকল্পের বিকাশ ও উন্নয়নে সংশোধন এবং কমিউনিটি সুপারিভিশন দপ্তর এবং অফিস অফ দ্যা ভিকটিম সার্ভিসেসের সাথে জোট করতে পেরে সেন্ট পিটার'স হেলথ পার্টনারস গর্বিত। যৌন নির্যাতন, যে কোনো পরিস্থিতিতেই, গ্রহণযোগ্য নয়, এই স্পষ্ট বার্তাটি পাঠাবার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটকে সাধুবাদ জানাই।"

জেসিকা জর্জ, রেস্টোরে (RESTORE) PREA আউটরিচ এবং শিক্ষা বিশেষজ্ঞ, বলেছেন, "যদিও আমাদের কমিউনিটিতে যৌন নির্যাতনকে সকলের দৃষ্টিগোচর করতে অনেক কাজ করা হয়েছে, তবুও যৌন

নির্যাতনের পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গের স্বীকারোক্তি প্রায়ই এড়িয়ে যাওয়া হয়। যেহেতু ক্ষতিগ্রস্তদের রক্ষণাবেক্ষণকারীগণ সমস্ত পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গের আরোগ্যের জন্য নিবেদিত, এবং নিউ ইয়র্কার হিসাবে, কারারুদ্ধ পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গের কথা শুনতে এবং তাদের আরোগ্য নিশ্চিত করতে DOCCS এবং OVS কে তাৎপর্য্যপূর্ণ পদক্ষেপ নিতে দেখে আমরা গর্বিত।"

আনিনা হ্যামিলটন, সেফ হার্বারস অফ দ্যা ফিঙ্গার লেকসের প্রোগ্রাম ডিরেক্টর, বলেছেন, "সমগ্র স্টেটে রেপ ক্রাইসিস হটলাইন বাস্তবায়িত করার জন্য সেফ হার্বারস অফ দ্যা ফিঙ্গার লেকস অধীর আগ্রহে অপেক্ষা করছে। এই হটলাইন আরও সুপরিকল্পিত উপায়ে রেপ ক্রাইসিস সংস্থাগুলির মাধ্যমে যৌন নির্যাতনে পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গকে রক্ষণাবেক্ষণ এবং সহায়তায় প্রবেশাধিকার দেবে, এবং সংস্থাগুলিকে আরও ব্যাপক পরিষেবা দেওয়ার সুযোগ করে দেবে। এই প্রতিক্রিয়া যৌন নির্যাতনের শিকার ব্যক্তিবর্গের মানসিক ও শারীরিক পুনরুদ্ধারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

রাচেল হেরযোগ, ক্রাইম ভিকটিম ট্রিটমেন্ট সেন্টারের PREA প্রোগ্রাম কোঅর্ডিনেটর, বলেছেন, "যৌন নির্যাতনের পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গের আরোগ্যের প্রক্রিয়ার জন্য দয়াশীল, আঘাত-অবগত সংকট হস্তক্ষেপ এবং ক্ষতিগ্রস্তদের রক্ষণাবেক্ষণে অবিলম্বে প্রবেশাধিকার গুরুত্বপূর্ণ হতে পারে। আমরা রোমাঞ্চিত যে নিউ ইয়র্ক স্টেটে কারারুদ্ধ পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গের কাছে PREA এই ধরণের পরিষেবাগুলি আরও সহজলভ্য করে তুলেছে, যা আগে কখনও ছিল না, এবং DOCCS, OVS, এবং ক্ষতিগ্রস্তদের পরিষেবা প্রদানকারী কমিউনিটির মধ্যে ঘনিষ্ঠ বোঝাপরাকে স্বীকৃতি দিয়েছে যা এই প্রোগ্রামটিকে সম্ভব করে তুলেছে। এই গুরুত্বপূর্ণ উদ্যোগের অংশীদার হিসাবে কারারুদ্ধ পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গকে আমাদের চিকিৎসাগত পরিষেবাগুলির প্রস্তাব দেওয়ার জন্য আমরা গর্বিত।"

লিন্ডা ম্যাকফারলন, জাস্ট ডিটেনশন ইন্টারন্যাশনালের (Just Detention International) ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর, বলেছেন, "যৌন নির্যাতনের সকল পরিত্রান পাওয়া ব্যক্তির, উন্নত মানের ধর্ষণ সংকট পরিষেবা প্রয়োজন এবং সেটি পাওয়া উচিৎ। ক্ষতিগ্রস্তদের রক্ষণাবেক্ষণ এবং মানসিক সমর্থন অংশীদারীত্বের সাথে স্টেট জুড়ে নতুন রেপ ক্রাইসিস হটলাইন প্রোগ্রাম আরম্ভ করার দ্বারা, নিউ ইয়র্ক স্টেট তার ফেসিলিটিগুলির মধ্যে মানুষের নিরাপত্তা ও সন্মান নিশ্চিত করার ক্ষেত্রে একজন পথ প্রদর্শকের দাবীদার। এই পরিষেবাগুলি নিউ ইয়র্কের কারাগারগুলিকে আরও নিরাপদ করে তুলবে এবং যৌন নির্যাতনের পরিত্রান পাওয়া ব্যক্তিবর্গকে প্রয়োজনীয় সহায়তা পাওয়া নিশ্চিত করবে।"

গভর্নর কুওমো যতদিন তার পদমর্যাদায় আছেন ততদিন তিনি যৌন নিগ্রহের সকল ক্ষতিগ্রস্তদের রক্ষা করাকে অগ্রাধিকার দিয়েছেন। গত বছর, গভর্নর কুওমো আইন সাক্ষর করেন যা হসপিটালে যৌন অপরাধের প্রমাণ সংগ্রহ কীট রেখে দেওয়ার সময় মেয়াদ 30 দিন থেকে 20 বছর করে, যা ক্ষতিগ্রস্তদের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত নেওয়ার আগে আরোগ্য লাভ করার সুযোগ করে দেয়। সেইসাথে, গভর্নর কুওমোর মস্তিষ্ক প্রসূত নিউ ইয়র্কের "এনাফ ইজ এনাফ (Enough is Enough)" আইন, কলেজ ক্যাম্পাসে যৌন নিগ্রহের বিরুদ্ধে লড়াই করতে দেশের মধ্যে সবথেকে শক্তিশালী আইন।

যারা বধির এবং যারা কানে কম শোনেন তাদের জন্য স্টেটের গার্হ্যস্থ এবং যৌন সহিংসতা হটলাইন রেফারেল এবং সহায়তা সপ্তাহে সাত দিন 24 ঘন্টা 1-800-942-6906 বা 711 নম্বরে উপলব্ধ।

দ্যা অফিস অফ ভিকটিম সার্ভিসেস অপরাধী ক্ষতিগ্রস্তদের এবং/বা তাদের পরিবারের সদস্যদের জন্য একটি নিরাপত্তা বলয় প্রদান করে, করদাতাদের কোনো অর্থ ব্যয় না করে, অন্য সহায়তার সাথে সাথে, যোগ্য ব্যক্তিবর্গকে চিকিৎসাগত এবং পরামর্শের জন্য খরচ, অন্ত্যেষ্টিক্রিয়া ও সমাহিত করার খরচ, না পাওয়া মজুরি এবং সহায়তা প্রদান করে। সংস্থাটি 222টি ভিকটিম সহায়তা প্রোগ্রামেও অর্থের যোগান দেয় যা স্টেট জুড়ে পরামর্শ, রক্ষণাবেক্ষণ এবং আইনি পরিষেবা সহ প্রত্যক্ষ পরিষেবাসমূহ প্রদান করে। আরও তথ্য, যোগ্যতার নির্দেশনা এবং একটি ভিকটিম সহায়তা প্রোগ্রাম কোথায় আছে তা জানতে, www.ovs.ny.gov দেখুন বা 1-800-247-8035 নম্বরে ফোন করুন।

গার্হ্যস্থ সহিংসতা প্রতিরোধের কার্যালয় গভর্নর ও আইন সভাকে স্টেটের জন্য নীতি ও চর্চার পরামর্শ দেয়; সমগ্র স্টেটের সমস্ত বিভাগ থেকে পেশাদারদের তাদের দৈনন্দিন অভ্যাসে গার্হ্যস্থ সহিংসতার প্রতিচ্ছেদ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করে; এবং নিয়মিত জনসাধারণের সচেতনতা বৃদ্ধির প্রচারাভিযান, ক্ষতিগ্রস্তদের ব্যবহারের জন্য এবং ব্যবসার উদ্দেশ্য না নিয়ে এবং সবথেকে ভালো চর্চার উপর আলোকপাত করে মুদ্রিত উপকরণের মাধ্যমে গার্হ্যস্থ সহিংসতার সমস্যার একটি সংস্থান হিসাবে কাজ করে। আরো তথ্যের জন্য দেখুন www.opdv.ny.gov.

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন